রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**সোমবার, সেপ্টেম্বর ১৫, ২০২৫**

**[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**খাদ্য মন্ত্রণালয়**
**বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৪ ভাদ্র, ১৪৩২ বঙ্গাব্দ/ ১৯ আগস্ট, ২০২৫ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নং ৩৩৭-আইন/২০২৫।**—নিরাপদ খাদ্য আইন, ২০১৩ (২০১৩ সনের ৪৩ নং আইন) এর ধারা ৮৭ তে প্রদত্ত ক্ষমতাবলে, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, সরকারের পূর্বানুমোদনক্রমে, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০১৮ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত প্রবিধানমালার—

১। প্রবিধান ১৫ এর উপ-প্রবিধান (১) এর—

(ক) দফা (ঝ) তে উল্লিখিত “এবং” শব্দ বিলুপ্ত হইবে;

(খ) দফা(ঞ) তে উল্লিখিত “।” চিহ্নের পরিবর্তে “;” চিহ্ন প্রতিস্থাপিত এবং অতঃপর “এবং” শব্দ সন্নিবেশিত হইবে;

(গ) দফা(ঞ) এর পর নিম্নরূপ নূতন দফা (ট) সন্নিবেশিত হইবে, যথা:—

“(ট) শ্রান্তি বিনোদন ছুটি।”।

২। প্রবিধান ৬০ এর পরিবর্তে নিম্নরূপ প্রবিধান ৬০ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“৬০। **প্রদেয় ভবিষ্য তহবিল।**—(১) কর্তৃপক্ষের কর্মচারীগণের জন্য Contributory Providend Fund Rules, 1979, এবং সরকার কর্তৃক, সময় সময়, এতৎবিষয়ে জারীকৃত পরিপত্র প্রযোজ্য হইবে।


**মূল্য :** টাকা ৪.০০

(২) কর্তৃপক্ষ, উহার কর্মচারীগণের জন্য সরকারের পূর্বানুমোদনক্রমে, কর্মচারীগণ কর্তৃক অংশ প্রদেয় ভবিষ্য তহবিল (সিপিএফ) নামে একটি তহবিল গঠন করিবে, যাহাতে প্রত্যেক কর্মচারী ও কর্তৃপক্ষ, সরকার কর্তৃক, সময় সময়, নির্ধারিত হারে চাঁদা প্রদান করিবে।"।

৩। প্রবিধান ৬২ বিলুপ্ত হইবে।

৪। প্রবিধান ৬৩ এর পরিবর্তে নিম্নরূপ প্রবিধান ৬৩ প্রতিস্থাপিত হইবে, যথা:—

"৬৩। **অবসর গ্রহণ, ইত্যাদি**।—কর্তৃপক্ষের চাকরি হইতে অবসর গ্রহণ এবং অতঃপর কর্তৃপক্ষের চাকরিতে চুক্তিভিত্তিক নিয়োগের ক্ষেত্রে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর বিধানাবলি প্রযোজ্য হইবে।"।

৫। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

কর্তৃপক্ষের আদেশক্রমে

**জাকারিয়া**
চেয়ারম্যান
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd